শিমুল মেমোরিয়াল নর্থ সাউথ স্কুল এন্ড কলেজ

প্রধান শাখা: সাধারণ বীমা কর্পোরেশন ভবন, ৯৩, কাজীহাটা, গ্রেটার রোড, রাজশাহী। ফোন: ০২৫৮৮৮৬০৭১৫, ০২৫৮৮৮৬০৭১৩, ০২৫৮৮৮৬১২৪৮, ০২৫৮৮৫৭৩৬৮, ০২৫৮৮৮৫৪৭৩৭
Email: smnss.cnb@gmail.com

উপশহর শাখা: বাড়ী- ২৬২, সেক্টর-০২, উপশহর হাউজিং এস্টেট, সপুরা, বোয়ালিয়া, রাজশাহী। ফোন: ০২৪৭৮৬০২২৬
Email: smnss.upo@gmail.com

তালাইমারী শাখা: বাড়ী-৫৩২, ওয়ার্ড- ২৫, তালাইমারী নর্দান মোড়, জাহাঙ্গীর সরণী, কাজলা, বোয়ালিয়া, রাজশাহী। ফোন: ০২৫৮৮৮৬৬৬১৬
Email: smnss.talaimari@gmail.com

Email: shimulmemorial@gmail.com Facebook Page: Shimul Memorial North South School and College Rajshahi
School Code: 1976 College Code: 1234 EIIN No: 136830 Estd: 2003 Web Address: www.smnssc.com

সুত্রঃ শিমেনসাস্কু: ২০২৬১১১০৬ **তারিখ: ১৫/১১/২০২৬ খ্রি**

নোটিশ

এতদ্বারা **শিমুল মেমোরিয়াল নর্থ সাউথ স্কুল এন্ড কলেজের** প্লে গ্রুপ হতে দ্বিতীয় শ্রেণির সম্মানিত অভিভাবকমণ্ডলী এবং ছাত্র-ছাত্রীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শিক্ষার্থীদের আবেদনের প্রেক্ষিতে আগামী ১৭/১১/২০২৬ খ্রি মঙ্গলবার নিম্নলিখিত বিধি নিষেধ মান্য করে ক্লাসপার্টি উদযাপনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। তদুপলক্ষে আগামী ১৭/১১/২০২৬ খ্রি মঙ্গলবার প্লে গ্রুপ থেকে দ্বিতীয় শ্রেণির ক্লাসকার্যক্রম সকাল ৮:৩০ ঘটিকা থেকে ১০:০০ ঘটিকা পর্যন্ত ৩টি ক্লাস পরিচালিত হবে। প্লে গ্রুপ থেকে দ্বিতীয় শ্রেণির শিক্ষার্থীরা সকাল ১০:০০ ঘটিকা থেকে শিক্ষকমণ্ডলীর তত্ত্বাবধায়নে স্ব স্ব শ্রেণি কক্ষে সম্পূর্ণ শালীনতার মাধ্যমে ক্লাসপার্টি আয়োজন ও উদযাপন করবে।

আরো জানানো যাচ্ছে যে, বার্ষিক পরীক্ষার প্রস্তুতিকল্পে আগামী ১৮/১১/২৬ খ্রি. বুধবার ক্লাস কার্যক্রম বন্ধ থাকবে তবে অফিস কার্যক্রম পরিচালিত হবে। ১৯/১১/২০২৬ খ্রি. বৃহস্পতিবার যথারীতি পরীক্ষা শুরু হবে।

বি: দ্রঃ ক্লাসপার্টি সম্পন্ন করে প্রভাতী শাখার শিক্ষার্থীদের শ্রেণি অনুসারে পূর্বনির্ধারিত সময়ে (প্লে-১০:৩০, নার্সারি- ১০:৫০, কেজি-১১:০০, প্রথম ও দ্বিতীয়-১১:১০ ঘটিকা) ছুটি হবে।

শিক্ষার্থীদের পালনীয় নিয়মাবলি

১. শৃঙ্খলা– পার্টির সময় শৃঙ্খলা বজায় রেখে হাসিখুশির মাধ্যমে উদযাপন করতে হবে। কোনো প্রকার অনভিপ্রেত ঘটনা ঘটানো থেকে বিরত থাকতে হবে।
২. নির্ধারিত সময় মেনে চলা – বিদ্যালয় কর্তৃক নির্ধারিত সময় অনুসারে পার্টি শুরু ও শেষ করতে হবে।
৩. ড্রেস কোড মানা – বিদ্যালয়ের ড্রেসকোড মেনে ক্লাস পার্টি করতে হবে।
৪. কোনো অশোভন আচরণ নয় – কথা, হাসি বা আচরণে যেন কারও মনে আঘাত না লাগে।
৫. খাবার ও বসার জায়গায় পরিস্কার-পরিচ্ছন্নতা বজায় রাখা বাধ্যতামূলক।
৬. শিক্ষক বা ক্লাস মনিটরের নির্দেশ অনুসরণ করতে হবে।
৭. পার্টি শেষে অগ্রহণযোগ্য পোস্ট দেওয়া থেকে বিরত থাকতে হবে।

শিক্ষার্থীদের করণীয় বিষয়

১. সবার সঙ্গে সৌহার্দ্যপূর্ণ আচরণ করা।
২. পার্টির প্রস্তুতিতে সক্রিয়ভাবে অংশগ্রহণ করা।
৩. পার্টি স্থান/ক্লাসরুম পরিষ্কার রাখা ও বর্জ্য যথাস্থানে ফেলার চেষ্টা করা।
৪. বন্ধুদের সাহায্য করা ও একে অপরকে কাজে উৎসাহ দেওয়া।
৫. খাবার ও সাজসজ্জায় স্থানীয়, পরিবেশবান্ধব জিনিস ব্যবহার করা।
৬. প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত ইভেন্টের মাধ্যমে দলগত আনন্দ উপভোগ করা।
৭. শিক্ষকদের প্রতি সম্মান প্রদর্শন করা ও তাদের নির্দেশনা অনুসরন করা।

অধ্যক্ষ
শিমুল মেমোরিয়াল নর্থ সাউথ স্কুল এন্ড কলেজ